

অতিশ দীপঙ্কর বিশ্ববিদ্যালয়ে ব্যস্ত সময় পার করছেন শিক্ষার্থীরা

ঈদের ছুটি শেষে ক্লাসে ফিরেই মিট-টার্ম

খাইরুল ইসলাম মুন্না, কন্ট্রিভিউটিং রিপোর্টার,
অতিশ দীপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ০০:৪৯, ২২ জুন ২০২৫



দীর্ঘ ঈদুল আযহার ছুটি শেষে পুনরায় শিক্ষামূলক কার্যক্রমে সরব হয়ে উঠেছে অতিশ দীপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ADUST)। ছুটি শেষে ক্যাম্পাসে শিক্ষার্থীদের সরব উপস্থিতি চোখে পড়ার মতো। তবে এবারের ফেরাটা অন্যরকম—বিশ্রামের পরপরই শুরু হয়েছে মিট-টার্ম

পরীক্ষা, ফলে শিক্ষার্থীরা ছুটির আমেজ না কাটাতেই ব্যস্ত হয়ে
পড়েছেন পড়াশোনায়।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, নির্ধারিত একাডেমিক ক্যালেন্ডার
অনুযায়ী ঈদের ছুটি শেষে ১৬ জুন থেকে ক্লাস শুরু হয় এবং ১৮ জুন
থেকেই মিট-টার্ম পরীক্ষা শুরু হয়েছে। এতে শিক্ষার্থীরা হালকা চাপের
মধ্যে থাকলেও কর্তৃপক্ষ বলছে, শিক্ষার্থীদের ভবিষ্যতের কথা মাথায়
রেখেই এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. জাহাঙ্গীর আলম বলেন, "আমরা চেষ্টা
করছি শিক্ষার্থীদের একাডেমিক ক্ষতি পুষিয়ে নিতে। ঈদের ছুটির পরপরই পরীক্ষা
নেওয়া হয়তো একটু কষ্টসাধ্য, তবে এটা তাদের শিক্ষা জীবনের শৃঙ্খলা ও ধারাবাহিকতা
বজায় রাখতে সাহায্য করবে।"

বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে (CSE) সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান শারমিন আকতার বলেন, "ছাত্রছাত্রীরা খুব আন্তরিকভাবে প্রস্তুতি নিচ্ছে। ছুটির পরে কিছুটা চ্যালেঞ্জ থাকলেও সবাই চেষ্টা করছে ভালো করার। এটা তাদের আত্মনির্ভরশীলতা গড়ে তুলবে।"

বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের (ইইই) অধ্যাপক ও চেয়ারম্যান ড. আশিস কুমার ভট্টাচার্য বলেন, "এই সময়টায় পরীক্ষার চাপ সামাল দেওয়া শিক্ষার্থীদের জন্য একটি শেখার সুযোগ। অনেকেই নিজেদের সর্বোচ্চটা দিচ্ছে এবং আমরা শিক্ষকরাও তাদের পাশে আছি।"

ক্যাম্পাস ঘুরে দেখা গেছে, পরীক্ষা উপলক্ষে শিক্ষার্থীরা লাইব্রেরি, ক্যান্টিন, ও স্টাডি কর্নারে ব্যস্ত সময় পার করছেন। কেউ কেউ গ্রন্থ স্টাডি করছেন, আবার কেউ একান্তে পড়ায় মনোযোগী। এরই মধ্যে বিভিন্ন ডিপার্টমেন্টে পরীক্ষাও শুরু হয়েছে।

সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থী মো শিপু খান বলেন, "ঈদের ছুটি শেষে একটু চাপে পড়েছি ঠিকই, কিন্তু সেশন ঠিক রাখতে হলে আমাদের এ চ্যালেঞ্জ মোকাবিলা করতেই হবে। শিক্ষকরা সহায়তা করছেন, তাই সাহস পাচ্ছি।"

বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী সপ্তাহজুড়ে মিট-টার্ম পরীক্ষা চলবে এবং এরপর থেকে পুনরায় ক্লাস ও রুটিনমাফিক কার্যক্রম শুরু হবে।

এই পরীক্ষার মধ্য দিয়ে অতিশ দীপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা প্রমাণ করছে, ছুটি শেষে ফিরে এসে কীভাবে দায়িত্বশীলতা ও শিক্ষার প্রতি অঙ্গীকার নিয়ে এগিয়ে যেতে হয়।